



আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) এর ব্যবস্থাপনায় পরিচালিত বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডসমূহের ইউনিট বিক্রয় বৃদ্ধিসহ সকল পরিষেবা সম্ভাব্য গ্রাহকদের নিকট পৌঁছানো এবং বিক্রয় সেবা প্রদান সহজিকরণের লক্ষ্যে ২৩ এপ্রিল, ২০২৫ তারিখে আইসিবি প্রধান কার্যালয়, ৮, ডিআইটি এ্যাভিনিউ, বিডিবিএল ভবন, মতিঝিল, ঢাকায় আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) এবং প্রাইম ব্যাংক পিএলসি এর মধ্যে একটি সেলিং এজেন্ট চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে আইসিবি ও আইএএমসিএল এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ, আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, আইসিবি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নূরুল হদা, আইএএমসিএল এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস মাহমুদা আক্তার, প্রাইম ব্যাংক পিএলসি এর উপব্যবস্থাপনা পরিচালক জনাব এম. নাজিম এ. চৌধুরী ও আইসিবি, আইএএমসিএল এবং প্রাইম ব্যাংক পিএলসি এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।